

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬০০

বিশ্রামগঞ্জ, ১৭ জানুয়ারি, ২০২৪

সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা

বিশ্রামগঞ্জস্থিত শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে আজ সিপাহীজলা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন জেলার অতিরিক্ত জেলাশাসক জে বি দোয়াতি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চড়িলাম বিএসির চেয়ারম্যান জাকালু দেববর্মা, ভাইস চেয়ারম্যান রামমোহন দেববর্মা, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক, বিশালগড় মহকুমা জনজাতি কল্যাণ আধিকারিক উগাজয় মগ প্রমুখ। প্রতিযোগিতায় জেলার ৬টি জনজাতি লোকনৃত্যের দল অংশ নেয়। প্রতিযোগিতায় প্রথম হয়েছে সোনামুড়া মহকুমার উত্তর তৈবান্দালের মসক সুলমানি নৃত্যদল। প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় হয়েছে বিশালগড় মহকুমার লেবাংবুমানি নৃত্যদল ও জম্পুইজলা মহকুমার মামিতা নৃত্যদল।
